অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/10/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নিউ আপস্টেট সেলুলার কভারেজ টাস্ক ফোর্স (UPSTATE CELLULAR COVERAGE TASK FORCE)-এর ঘোষণা দিয়েছেন

আপস্টেট নিউ ইয়র্কের গ্রামীণ এবং দূরবর্তী এলাকায় সেল সার্ভিসের ব্যবধানকে কমিয়ে আনার জন্য সুপারিশ করা হয়েছে

টাস্ক ফোর্স আজকে প্রথম মিটিং আয়োজন করেছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে নিউ আপস্টেট সেলুলার কভারেজ টাস্ক ফোর্সের ঘোষণা দিয়েছেন যার ফলে আপস্টেট নিউ ইয়র্কের গ্রামীণ এবং দূরবর্তী এলাকায় সেল সার্ভিসের যে ঘাটতি রয়েছে সেটির সমাধান হবে এবং কিছু পলিসি তৈরি হবে। টাস্ক ফোর্সকে গভর্নর 2019 সালের স্টেটের কাজের অংশ হিসেবে ঘোষণা দিয়েছেন যা এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কর্তৃক পরিচালিত হবে।

"প্রত্যেক নিউ ইয়র্কবাসীর একটি স্থিতিশীল সেল সংযোগ পাওয়া উচিত, যদিও প্রাত্যহিক জীবনের এই গুরুত্বপূর্ণ বিষয়টি নিয়ে আমাদের আপস্টেট এলাকার লোকজন এখনো বেশ ভোগান্তির শিকার হচ্ছে", **গভর্নর কুওমো বলেন।** "আমরা সেলুলার সার্ভিসের ক্ষেত্রে দক্ষ বিশেষজ্ঞ, নির্বাচিত প্রতিনিধি এবং পরিবেশগত অ্যাডভোকেটের সমন্বয়ে একটি টাস্ক ফোর্স গঠন করতে যাচ্ছি যারা সেবা নিশ্চিত করার লক্ষ্যে বাস্তবভিত্তিক পলিসি তৈরি করবে এবং এটি নির্ভরযোগ্য উপায়ে বাস্তবায়নের জন্য অবকাঠামো নির্মাণ করবে।"

"সকল নিউ ইয়র্কবাসীর নির্ভরযোগ্য সেলুলার সেবা পাওয়া উচিত এবং এই নতুন টাস্ক ফোর্স বিদ্যমান ঘাটতি পূরণে সম্ভাব্য সমাধান খুঁজতে কাজ করবে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "আপস্টেট কমিউনিটি এবং গ্রামীণ অঞ্চলের বাসিন্দা ও ব্যবসায়ীরা এখনো সেল সার্ভিসের জন্য সমস্যার সম্মুখীন হচ্ছেন এবং আমরা ঐ সমস্যাগুলো খুঁজে বের করতে চাই। আমরা 21 শতাব্দীর অবকাঠামো আধুনিকীকরণ করে কভারেজ বাড়ানো এবং অর্থনীতিকে শক্তিশালী করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ।"

শিল্প বিশেষজ্ঞ, কমিউনিটির নেতা, সরকারি কর্মকর্তা, পরিবেশবিদ এবং অন্যান্য স্টেকহোল্ডারদের নিয়ে টাস্ক ফোর্স গঠিত হয়েছে এবং আলভারেজ অ্যান্ড মার্সাল (Alvarez & Marsal)-কে উপদেষ্টা হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। আজকে টাস্ক ফোর্সের প্রথম মিটিং।

আপস্টেটে সেলুলার নেটওয়ার্ক কভারেজের ঘাটতি থাকার কারণে অর্থনৈতিক অগ্রগতি ব্যাহত হচ্ছে, যোগাযোগ এবং নিরাপত্তার উপর এর প্রভাব পড়ছে এবং আধুনিক মিউনিসিপ্যাল অবকাঠামো গ্রহণের ক্ষেত্রে তারা বাধাগ্রস্থ হচ্ছে। অ্যাডিরনডাক পার্ক রিজিয়ন এবং অন্যান্য গ্রামীণ আপস্টেট এলাকায় কভারেজের ক্ষেত্রে বিশাল ঘাটতি থাকায় এই এলাকায় সেলুলার নেটওয়ার্ক বাস্তবায়ন অবশ্য জরুরি হয়ে পড়েছে। অ্যাডিরনডাক এবং ক্যাটস্কিলসহ অন্যান্য এলাকা যেখানে এখনো সেলুলার সুবিধা নেই সেখানে এই সুবিধা প্রদানের জন্য টাস্ক ফোর্স বিদ্যমান পলিসি, গুরুত্বপূর্ণ সীমাবদ্ধতা এবং ফেডারেল সহায়তাসহ বিদ্যমান রিসোর্স ও ফান্ডিংয়ের উৎসগুলো পর্যালোচনা করবে।

আপস্টেট সেলুলার কভারেজ টাস্ক ফোর্সের সদস্যবৃন্দ হলো:

- **বারবারা রাইস**, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমোর অফিসের অর্থনৈতিক উন্নয়ন বিষয়ক অ্যাসিস্টেন্ট সেক্রেটারি
- **জেফরি নরধাস**, এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট, ইনোভেশন অ্যান্ড ব্রডব্যান্ড, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)
- **থমাস কংডন**, ডেপুটি কমিশনার, নিউ ইয়র্ক স্টেট পাবলিক সার্ভিস কমিশন (New York State Public Service Commission)
- **উইলিয়াম ফারবার,** চেয়ারম্যান, বোর্ড অব সুপারভাইজার, হ্যামিলটন কাউন্টি
- **ক্রিস ফিশার**, উপদেষ্টা এবং প্রাক্তন প্রেসিডেন্ট, নিউ ইয়র্ক স্টেট ওয়্যারলেস অ্যাসোসিয়েশন (New York State Wireless Association, NYSWA)
- **ডেভিড হপকিনস**, ডিরেক্টর, E911, স্টিউবেন কাউন্টি
- **জেফ সেন্টারম্যান**, এক্সিকিউটিভ ডিরেক্টর, ক্যাটস্কিল সেন্টার
- **ড. সত্য শর্মা,** এক্সিকিউটিভ ডিরেক্টর, CeWIT, স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (SUNY) স্টোনি ব্রুক
- **মাইকেল স্প্রাগুই**, ডিরেক্টর, নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (New York State Division of Homeland Security and Emergency Services)
- **রিক ওয়েবার,** ডেপুটি ডিরেক্টর, প্ল্যানিং, নিউ ইয়র্ক স্টেট অ্যাডিরনডাক পার্ক এজেন্সি (New York State Adirondack Park Agency)
- **বেটি লিটল*,** নিউ ইয়র্ক স্টেট সিনেটর
- **জেন মেটজগার*,** নিউ ইয়র্ক স্টেট সিনেটর
- **র‍্যাচেল মে*,** নিউ ইয়র্ক স্টেট সিনেটর সিনেট
- **অ্যালিয়েন এম. গানথার***, নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি মেম্বার
- **বিলি জোনস***, নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি মেম্বার
- **এঞ্জেলো সান্টাবারবারা**, নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি মেম্বার

** এক্স অফিসিয়ো মেম্বার*

নিউ ইয়র্ক স্টেট অবকাঠামো এবং ব্রডব্যান্ড সকলের কাছে পৌঁছে দেওয়ার জন্য ইতিহাসের সর্বোচ্চ বিনিয়োগ করেছে। 2015 সালে, গভর্নর স্টেটব্যাপী উচ্চগতি সম্পন্ন ইন্টারনেট সুবিধা প্রদানের লক্ষ্যে 500 মিলিয়ন মার্কিন ডলার মূল্যের নতুন এনওয়াই ব্রডব্যান্ড কর্মসূচি চালু করে। এই কর্মসূচিটি পুরোপুরি বাস্তবায়িত হলে, শতকরা 99 ভাগ নিউ ইয়র্কবাসী ব্রডব্যান্ডের সুবিধা পাবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট ও মনোনীত প্রধান নির্বাহী কর্মকর্তা এরিক জে. গার্টলার বলেন, "প্রত্যেক নিউ ইয়র্কবাসী কল কেটে যাওয়া বা সংযোগ না পাওয়া জনিত সমস্যা সম্পর্কে অবগত আছেন। আমাদের স্ট্রেটে গ্রামীণ এলাকা যেখানে মোবাইল সংযোগ পাওয়া কষ্টসাধ্য ব্যাপার সেখানকার জন্য এটি একটি বিশেষ চ্যালেঞ্জ। টাস্ক ফোর্সের তালিকাভুক্ত সদস্যরা সকল বাসিন্দারা যাতে ডিজিটাল অর্থনীতিতে অংশগ্রহণ করতে পারে সেটি নিশ্চিত করবে এবং এর সাথে প্রয়োজনীয় যেকোনো অবকাঠামো নির্মাণ করবে।"

অর্থনৈতিক উন্নয়ন বিষয়ক অ্যাসিস্টেন্ট সেক্রেটারি বারবারা রাইস বলেন, "নিউ ইয়র্কবাসী যারা স্টেটের গ্রামীণ এলাকা বা দূরবর্তী এলাকায়—এবং নিউ ইয়র্কের যেকোনো জায়গায় বসবাস করে—যেন তারা তাদের বন্ধু ও প্রিয়জনের সাথে এবং ব্যবসা বা বাড়ির কাজের জন্য যোগাযোগ করতে পারে তাদের জন্য উচ্চ-মানসম্পন্ন সেল সার্ভিস অত্যাবশ্যকীয়। আমি গভর্নর কুওমোর সাথে আপস্টেট সেলুলার কভারেজ টাস্ক ফোর্সে এবং নিউ ইয়র্কবাসীর জন্য এই গুরুত্বপূর্ণ সেবা প্রদান করার লক্ষ্যে কাজ করার জন্য অধীর আগ্রহে আছি।"

জেফরি নরধাস, এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট, ইনোভেশন অ্যান্ড ব্রডব্যান্ড, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট বলেন, "বিগত 5 বছরে আপস্টেট নিউ ইয়র্কে ব্রডব্যান্ডের কভারেজ বাড়ানোর জন্য করা গুরুত্বপূর্ণ কাজের উপর ভিত্তি করে টাস্ক ফোর্স কাজ করবে এবং সেলুলার কভারেজে একই রকম ঘাটতিগুলো খুঁজে বের করবে। ব্রডব্যান্ডের মতো এই ঘাটতিগুলো অর্থনৈতিক প্রবৃদ্ধি, ট্যুরিজম এবং জননিরাপত্তার ক্ষেত্রে বর্তমানে সমস্যা সৃষ্টি করছে এবং আমরা এই সমস্যা সমাধানের লক্ষ্যে কাজ করার জন্য অধীর আগ্রহে আছি।"

থমাস কংডন, ডেপুটি কমিশনার, নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব পাবলিক সার্ভিস, বলেন "নিউ ইয়র্ক স্টেটে শক্তিশালী এবং স্থিতিশীল সেলুলার নেটওয়ার্ক নিশ্চিত করতে পারলে তা আমাদের অর্থনৈতিক প্রবৃদ্ধিকে সহায়তা করবে। অধিকন্তু, এটি আমাদেরকে একটি নির্ভরযোগ্য যোগাযোগ ব্যবস্থা প্রদান করবে যার উপর আমরা ভরসা করতে পারি।"

হ্যামিলটন কাউন্টি বোর্ড অব সুপারভাইজার চেয়ারম্যান উইলিয়াম ফারবার বলেন, "নতুন নিউ ইয়র্ক ব্রডব্যান্ড কর্মসূচির অংশ হিসেবে ঘরে ঘরে প্রচুর পরিমাণে ফাইবার থাকার কারণে অন্যান্য স্টেটের তুলনায় নিউ ইয়র্ক স্টেটের অভূতপূর্ব সুবিধা রয়েছে। পরবর্তী পদক্ষেপটি হলো নিউ ইয়র্কের বাসিন্দাদের নির্ভরযোগ্য সেল সার্ভিসটিতে স্থিতিশীল অ্যাক্সেস পাওয়া এবং আপস্টেট সেলুলার টাস্ক ফোর্স কভারেজের প্রয়োজনীয়তা পুঙ্খানুপুঙ্খভাবে মূল্যায়ন করার পাশাপাশি স্টেট এটি সরবরাহ করার সহায়ক হিসেবে বাস্তবায়ন করতে পারে এমন নীতিগত সুপারিশগুলি প্রণয়ন করবে।"

NYSWA-এর সাবেক প্রেসিডেন্ট এবং স্টেট অ্যান্ড লোকাল অ্যাফেয়ার্স অ্যাডভাজরি ক্রিস ফিশার বলেন, "নিউ ইয়র্ক স্টেট ওয়্যারলেস অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে, আমি গভর্নর কুওমোর টাস্কফোর্সে যোগ দিতে এবং স্টেট ও মিউনিসিপ্যাল নেতাদের সাথে সামগ্রিক কৌশলগুলি প্রণয়নে সহায়তা করতে আগ্রহী যা ক্যাটস্কিল ও অ্যাডিরনডাক এলাকার জনসাধারণের সুরক্ষা এবং ওয়্যারলেস প্রযুক্তির অর্থনৈতিক সুবিধার জন্য প্রয়োজনীয় অবকাঠামোগত বিকাশ ঘটাবে।"

ক্যাটস্কিল সেন্টারের এক্সিকিউটিভ ডিরেক্টর জেফ সেন্টারম্যান বলেন, "নির্ভরযোগ্য সেলুলার সার্ভিস ক্যাটস্কিলের ক্ষেত্রে একটি অপরিহার্য সংযোজন যা বাসিন্দাদের এবং ব্যবসায়ীদের জীবনকে সহজ করে তুলবে এবং আমি টেকসই, পরিবেশ-বান্ধব উপায়ে প্রয়োজনের সমাধানের জন্য আপস্টেট সেলুলার কভারেজ টাস্ক ফোর্সের সাথে কাজ করার জন্য অধীর আগ্রহে আছি।"

SUNY-এর চ্যান্সেলর ক্রিস্টিনা এম. জনসন বলেন, "গভর্নর কুওমো এই গুরুত্বপূর্ণ ইস্যুতে নেতৃত্ব দিচ্ছেন যা এই মহান স্টেটের গ্রামীণ এলাকার ক্যাম্পাসগুলিতে বসবাস করে এবং কাজ করে এমন হাজার হাজার SUNY শিক্ষার্থী, অনুষদ এবং কর্মচারীদের প্রভাবিত করে। এই টাস্কফোর্সের কাজটি আরও ধারাবাহিক সেল কভারেজ নিশ্চিত করবে যা জীবনধারণ এবং শেখার জন্য প্রয়োজনীয় হয়ে উঠেছে। উন্নত নেটওয়ার্কগুলি এই কমিউনিটির অর্থনৈতিক চালিকাশক্তি জোরদার করার পাশাপাশি এই প্রত্যন্ত এলাকার নাগরিকদের স্বাস্থ্য ও সুরক্ষাকেও সুরক্ষিত করবে।"

সিনেটর বেটি লিটল বলেন, "নর্থ কান্ট্রিসহ স্টেটের কোনো অঞ্চলই 20 শতাব্দীতে আটকা পড়তে পারে না। জীবন রক্ষাকারী ফোন কল করতে সক্ষম হওয়াসহ লোকেরা এখন অনেকগুলি গুরুত্বপূর্ণ কারণে তাদের সেল ফোনের উপর নির্ভর করে। আমি এই টাস্কফোর্স তৈরির জন্য গভর্নরকে ধন্যবাদ জানাই এবং আলোচনা ও একটি পরিকল্পনা তৈরির অংশ হওয়ার প্রত্যাশা করছি যা আমাদের অঞ্চলে বসবাস করে এবং বেড়াতে আসা বহু মানুষকে বোধগম্যভাবে হতাশ করে এমন ঘাটতিগুলি পূরণ করবে।"

সেনেটর জেন মেটজগার বলেন, "নির্ভরযোগ্য সেলুলার কভারেজ একটি অর্থনৈতিক এবং জননিরাপত্তা সুরক্ষা সম্পর্কিত প্রয়োজনীয়তা, তবুও আমি যে গ্রামীণ কমিউনিটিগুলির প্রতিনিধিত্ব করি তার উল্লেখযোগ্য এলাকাগুলিতে যে সার্ভিস রয়েছে তা দূর্বল থেকে অস্তিত্বহীন। আমি ক্যাটস্কিলস এবং মিড-হাডসন অঞ্চলে সার্ভিসগুলির ঘাটতি পূরণ করার জন্য কার্যকর পরিকল্পনা তৈরি করতে টাস্ক ফোর্সের সহযোগী সদস্যদের সাথে কাজ করার জন্য মুখিয়ে আছি যাতে 21 শতাব্দীতে প্রতিটি কমিউনিটির কাছে উন্নতি লাভের জন্য যোগাযোগের প্রয়োজনীয় সরঞ্জামসমূহ থাকে।"

সেনেটর র‍্যাচেল মে বলেছেন, "সেলুলার সার্ভিস ব্যবসায়ী, শিক্ষার্থী, জরুরি প্রতিক্রিয়া প্রদানকারী এবং আমার ডিস্ট্রিক্টের গ্রামীণ এলাকার বাসিন্দাদের জন্য অত্যন্ত জরুরি প্রয়োজন। যদি আমরা পর্যাপ্ত সার্ভিস নিশ্চিত না করি তাহলে আমাদের কমিউনিটিসমূহ অর্থনৈতিক ও সামাজিকভাবে পিছিয়ে যাওয়ার বড় ঝুঁকিতে থাকবে। আমি আপস্টেট সেল সার্ভিসের সমস্যা সমাধানে কাজ করা

টাস্কফোর্সে কাজ করার সুযোগ প্রদানের জন্য গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাতে চাই এবং আমি কার্যকর পদক্ষেপের নীতিমালা সুপারিশ করার অপেক্ষায় রয়েছি।"

অ্যাসেম্বলির নারী সদস্য অ্যালিয়েন গানথার বলেন, "সেলুলার সার্ভিস অ্যাক্সেস করার ক্ষেত্রে ক্যাটস্কিলস ক্রমান্বয়ে নিচের দিকে থাকে। আমার নির্বাচকগণ নিয়মিত এই এলাকাজুড়ে সেল সার্ভিস এবং ত্রুটিপূর্ণ কাভারেজের ঘাটতি সম্পর্কে আমার সাথে কথা বলে। আমি এই টাস্কফোর্সের অংশ হতে পেরে এবং 100তম ডিস্ট্রিক্টের সমস্ত এলাকায় সেলুলার কভারেজ প্রসারিত করার জন্য কাজ করতে পেরে আনন্দিত। সেলুলার সার্ভিস কোনো বিলাসিতা নয়, বর্তমানে এটি অত্যন্ত প্রয়োজন এবং এই গুরুত্বপূর্ণ জনসেবায় সমস্ত লোকের প্রবেশাধিকার রয়েছে তা নিশ্চিত করার জন্য আমাদেরকে অবশ্যই কাজ করতে হবে।"

পরিষদ সদস্য বিলি জোন্স বলেন, "সেলফোন সার্ভিস আর বিলাসিতা নয় বরং দৈনন্দিন জীবনের প্রয়োজনীয়তা। নর্থ কান্ট্রি দীর্ঘদিন ধরে সেলুলার কভারেজের বিশাল ঘাটতির কারণে একটি স্পষ্ট অসুবিধায় পড়েছে যা সুরক্ষার ক্ষেত্রে ঝুঁকিপূর্ণ এবং আমাদের কমিউনিটিগুলিকে অর্থনৈতিক অসুবিধায় ফেলেছে। আমি আপস্টেট সেলুলার কভারেজ টাস্ক ফোর্সে থাকতে পেরে সম্মানিত এবং দীর্ঘ দিনের এই সমস্যার সমাধান করার জন্য সামনে অগ্রসর হওয়া শুরু করতে আগ্রহী।"

অ্যাসেম্বলি মেম্বার এঞ্জেলো সান্টাবারবারা বলেন, "এই দিন এবং যুগে আমরা দিকনির্দেশনা পাওয়া থেকে শুরু করে আমাদের প্রিয়জনদের চেক ইন করা পর্যন্ত প্রতিটি বিষয়ে প্রতিদিন আমাদের সেলফোন এবং মোবাইল ডিভাইসের উপর নির্ভর করি। সত্যটি হলো, এখনো নিউ ইয়র্কের অনেক সংখ্যক বাসিন্দা, বিশেষত গ্রামীণ এলাকায় এখনও নির্ভরযোগ্য সেল কভারেজ নেই, পরিষেবা অনুসন্ধানের জন্য তাদেরকে 'আপনি এখন আমাকে শুনতে পাচ্ছেন?' জিজ্ঞাসা করে ঘোরাফেরা করতে বাধ্য করা হচ্ছে। এই গুরুত্বপূর্ণ বিষয়টি যাচাই করার জন্য একটি নিবেদিত টাস্কফোর্স তৈরি করা এবং দীর্ঘমেয়াদী সমাধানগুলি সন্ধানের দিকে কাজ করা সুনির্দিষ্ট লক্ষ্যের দিকে একটি পদক্ষেপ। আমাদের নিউ ইয়র্কের আপস্টেট এলাকায় বসবাস করার অর্থ এই নয় যে আপনি বিশ্বের অন্যান্য অংশের সাথে বা অর্থনৈতিক সুবিধা থেকে বিচ্ছিন্ন রয়েছেন।"

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন